# জাতীয় বিশ্ববিদ্যালয়

পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

গাজীপুর।

স্মারক নং- ০৫(১৮২)জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/বি.এড/৯৯/অংশ/০৩/গ/২০২৪/ ১৪৩৮৭ তারিখ : ১৭/০২/২০২৬

## বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভূক্ত বিএড কোর্স পাঠদানকারী সকল কলেজকে জানানো যাচ্ছে যে, ২০২৫ সালের বিএড ও বিএমএড ১ম সেমিস্টার (০১ বছর মেয়াদী নতুন ও পুরাতন সিলেবাস অনুযায়ী) পরীক্ষার ফরম পূরণের কার্যক্রম নিম্নবর্ণিত তারিখ অনুযায়ী Online-এ সম্পন্ন হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচী পরবর্তীতে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের আবেদনফরম, বিবরণী ফরম ও ফি জমাদানের তারিখ, নিয়মাবলী ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ

১। **আবেদন ফরম, বিবরণী ফরম, ফরম পূরণ ও জমাদান এবং ব্যাংক ড্রাফট করার তারিখ ঃ**

| | | |
|---|---|---|
| ক) | পরীক্ষার্থীকে অন-লাইন থেকে আবেদন ফরম সংগ্রহ করার সময়সীমা ও শেষ তারিখ | ২৩/০২/২০২৬ হতে ০৭/০৩/২০২৬ পর্যন্ত |
| খ) | কলেজ কর্তৃক অন-লাইনে ডাটা এন্ট্রি/ফরমপূরণ নিশ্চয়ন করার শেষ তারিখ | ০৯/০৩/২০২৬ পর্যন্ত |
| গ) | কলেজ কর্তৃক ফরমপূরণের ফি এর টাকা "সোনালী সেবা" এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দেয়ার তারিখ | ১০/০৩/২০২৬ হতে ১১/০৩/২০২৬ পর্যন্ত |
| ঘ) | ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের আবেদন ফরম, অন-লাইন বিবরণী, সোনালী সেবায় জমাকৃত ফি জমাদানের রশিদের কপি ও অন্যান্য কাগজপত্র বিশ্ববিদ্যালয়ে জমা দেয়ার তারিখ | ১২/০৩/২০২৬ পর্যন্ত |
| বিবরণী ফরমের তথ্য সঠিকভাবে On-line-এ ডাটা এন্ট্রি করার পর প্রিন্ট আউট কপি যাচাই করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হবার পর মূল কপিটি বাঁধাই করে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, প্রফেশনাল শাখা/বিএড, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুরে **হাতে হাতে জমা দিতে হবে** (বিবরণী ফরমের ফটোকপি কলেজ সংরক্ষণ করবে)। **ডাকযোগে প্রেরিত বিবরণী ফরম ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে না।** | | |

২। ২০২৫ সালের বিএড ও বিএমএড (০১ বছর মেয়াদী, নতুন ও পুরাতন সিলেবাস অনুযায়ী) **প্রথম সেমিস্টার পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী) ঃ**

| | |
|---|---|
| ক) পরীক্ষার ফি (প্রতিপত্র) | ৬০০/- |
| খ) মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন (প্রতিপত্র) | ১০০০/- |
| গ) ইনকোর্স ফি (বিশ্ববিদ্যালয় ১৫০ টাকা+ কলেজ ৩০০ টাকা) | ৪৫০/- |
| ঘ) কেন্দ্র ফি (কলেজ ১০০ টাকা + কেন্দ্র ৫০০ টাকা) | ৬০০/- |

৩। **পরীক্ষায় যারা ফরম পূরণ/অংশগ্রহণ করতে পারবে :**

| পরীক্ষার নাম | শিক্ষাবর্ষ | শর্তাবলী |
|---|---|---|
| **২০২৫ সালের বিএড ও বিএমএড (নতুন ওপুরাতন সিলেবাস অনুযায়ী) ১ম সেমিস্টার পরীক্ষা** | **নিয়মিত**<br>**২০২৫**<br>**অনিয়মিত**<br>২০২৩ ও ২০২৪ | ক) ২০২৪ ও ২০২৫ ইং নতুন সিলেবাস এবং ২০২৩ ইং শিক্ষাবর্ষ অনুযায়ী পুরাতন সিলেবাস শিক্ষার্থীগন ফরম পূরণ করতে পারবে। উক্ত শিক্ষা বর্ষের বাইরে কেউ ফরম পূরণ করতে পারবে না।<br>খ) ২০২৪ সালের প্রথম সেমিস্টার পরীক্ষায় C+,C এবং D গ্রেড প্রাপ্ত পরীক্ষার্থীরা ২০২৫ সালে মানউন্নয়ন/গ্রেড উন্নয়নপরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে, তবে অনুপস্থিত (NA) বা অকৃতকার্য ('F' গ্রেড প্রাপ্ত) পরীক্ষার্থীরা সর্বোচ্চ ০২ বার পরীক্ষা দিতে পারবে।<br>ঘ) কোন পরীক্ষার্থী সর্বোচ্চ ০২টি পত্রে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। |

৪। **পরীক্ষা পদ্ধতি ও পাঠ্যসূচী :**

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত বিএড ও বিএমএড কোর্সের নতুন রেগুলেশন ২০২৩ এবং পুরাতন রেগুলেশন ২০১৭ পাঠ্যসূচী অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠিত হবে।

৫। **অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) ঃ**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে **(https://ems.nu.ac.bd)** এ গিয়ে **Apply to online form Fill-up (For Student)** লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।

খ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

গ) ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেনদকারী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।

ঘ) যদি কোন বৈধ পরীক্ষার্থীর ডাটা সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী নিজেই বা কলেজ কর্তৃপক্ষ **নির্ধারিত তারিখের মধ্যে জানাতে হবে এবং পরবর্তীতে কোন প্রকার আপত্তি গৃহীত হবে না।**

৬। **অনলাইনে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি (কলেজের জন্য) ঃ**

ক) পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সরাসরি অনলাইন-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)-এর সাথে যাচাই পূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(ems.nu.ac.bd)** এ গিয়ে College Login (For College Authority) এ প্রবেশ করে College Password ব্যবহার করে পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি সঠিক হলে নিশ্চয়ন করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট বের করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন। উল্লেখ্য **Incourse** নম্বর ছাড়া ফরম পূরণ নিশ্চয়ন হবে না ।

খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য সংশ্লিষ্ট অধ্যক্ষ দায়ী থাকবেন।

গ) শিক্ষার্থীর ডাটা সফটওয়ারে এন্ট্রি করার সাথে সাথে তার বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম অটো সিস্টেমে পূরণ হয়ে যাবে। ডাটা Online এ এন্ট্রি ব্যতিত হাতে তৈরী বিবরণী ফরম ও ফি বিবরণী ফরম গ্রহণ করা হবে না।

ঘ) কলেজের সকল শিক্ষার্থীর ডাটা পূর্ণাঙ্গভাবে এন্ট্রি করার পর সংশ্লিষ্ট ওয়েব-সাইট থেকে Print করতে হবে এবং যথানিয়মে পরীক্ষার্থী বিবরণী, ফি বিবরণী বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে।

ঙ) যদি কোন পরীক্ষার্থীর আবেদন ফরম বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন হয় (আবেদন ফরম পূরণের পর থেকে পরীক্ষার ফল প্রকাশের পর এক বছর পর্যন্ত সংরক্ষন করতে হবে) তবে তা সরবরাহ করতে হবে।

চ) **বিবরণী ফরম পূরণের পর কোন পরীক্ষার্থীর নাম বাদ পড়েছে কিনা বা একজনের পরিবর্তে অন্য পরীক্ষার্থীর নাম এন্ট্রি হয়েছে কিনা তা ভালভাবে যাচাই করে দেখতে হবে। ফরম জমা দানের পর এ ধরনের কোন আপত্তি গ্রহণ করা হবে না।**

৭। **বিবরণী ফরম ও ফি জমা দেওয়ার নিয়মাবলী :**

ক) বিবরণী ফরম অনলাইন থেকে প্রিন্ট করে অধ্যক্ষ কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর মূল কপিটি বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে এবং এর ফটোকপি কলেজে সংরক্ষণ করতে হবে।

খ) পরীক্ষার্থীদের ফি পূর্বের মত জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনুকুলে ডিডি করার পরিবর্তে **"সোনালী সেবা"** এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে যে কোন সোনালী ব্যাংকের শাখায় জমা দিতে হবে।

গ) সংশ্লিষ্ট কলেজ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে(http://103.113.200.12.prof) এ Service মেনুতে গিয়ে সোনালী সেবা Link থেকে Log in করে Pay Slip ডাউনলোড করতে হবে। এবং ফি জমার পর কলেজের Status paid হয়েছে কিনা নিজ দায়িত্বে যাচাই করতে হবে।

ঘ) Pay Slip এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ পূর্বক মোট টাকার অংশ লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকে যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

ঙ) ব্যাংকে প্রচলিত অন্য কোন পদ্ধতিতে কোনক্রমেই ফি প্রদান করা যাবে না। **পরবর্তীতে কোন প্রকার আপত্তি গৃহীত হবে না।** শুধুমাত্র সোনালী সেবা সংক্রান্ত প্রয়োজনে ০১৮৬৭০৬৫১১১ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

৮। **ইনকোর্স নম্বর জমা দেয়ার নিয়মাবলী :**

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর (প্রফেশনাল শাখা) এ বিবরণী ফরম জমা দেয়ার সময় ইন-কোর্স নম্বরের প্রিন্ট কপি হাতে হাতে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় বিবরণী ফরম গ্রহণ করা হবে না।

০৯। **পরীক্ষা পরিচালনা :**

সংশ্লিষ্ট কলেজ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থের ৬০০(ছয়শত) টাকা হতে সংশ্লিষ্ট কলেজ ১০০ টাকা দ্বারা পরীক্ষা সংক্রান্ত ব্যয় নির্বাহ করবে। অবশিষ্ট ৫০০ টাকা পরীক্ষাকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট পরীক্ষা শুরুর পূর্বেই জমা দিতে হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র ও আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) ব্যয় নির্বাহ করবেন।

**১০। উক্ত পরীক্ষার ফরমফিলাপ সংক্রান্ত যে কোন বিষয়ে ০১৭৩৭৭৭৩৩৯৩,০১৭০৩৭২৫৮১৮ উক্ত নম্বর সমুহে যোগাযোগ করা যাবে।**

**পরীক্ষার সময়সূচী ও অন্যান্য যাবতীয় তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে জানা যাবে।**

১৭/২/২৬

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।
ফোনঃ ০২৯৯৬৬৯১৫১৭
E-mail : controller@nu.ac.bd

স্মারক নং- ০৫(১৮২)জাতীঃ বিঃ/পরীঃ/প্রফেঃ/বি.এড/৯৯/অংশ/০৩/গ/২০২৪/ ১৪৬৫৭

তারিখ : ১৭ /০২/২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
২। পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৩। জেলা প্রশাসক/ট্রেজারী অফিসার, সংশ্লিষ্ট জেলা।
৪। অধ্যক্ষ/ ভারপ্রাপ্ত অধ্যক্ষ, সংশ্লিষ্ট কলেজ।
৫। পরিচালক ও সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা।
৬। অতিরিক্ত রেজিস্ট্রার ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
৭। উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর-১ এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা।
৮। সহকারী-রেজিস্ট্রার, প্রো-ভাইস-চ্যান্সেলর-২ এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় শাখা।
৯। সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়।
১০। অফিস নথি।

১৭/০২/২৬
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (প্রফেশনাল)
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর